



মুজিববর্ষের অঙ্গীকার  
সুরক্ষিত হবে মানবাধিকার

জাতীয় মানবাধিকার কমিশন  
বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮  
ওয়েবসাইট- [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd), ই-মেইল- [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)



### আদেশ নামা

অভিযোগকারী -

জাতীয় মানবাধিকার কমিশন

বনাম

অভিযুক্ত -

আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী

অভিযোগ নং-Suomoto- ২৫/২০

ক্রমিক নং	তারিখ	আদেশ	মন্তব্য
০১	১২/১১/২০২০	<p>১২ নভেম্বর ২০২০ তারিখ অন-লাইন সংবাদ মাধ্যম 'সময় নিউজ, টিভি'-তে "শিশুর পায়ুপথে লাঠি ঢুকিয়ে দিল আনসার সদস্য" শিরোনামে প্রকাশিত সংবাদটি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, চট্টগ্রামের পাথরঘাটায় আট বছরের শিশুর পায়ুপথে লাঠি ঢুকিয়ে জখম করেছে এক আনসার সদস্য। গুরুতর অবস্থায় ওই শিশুকে চট্টগ্রাম মেডিকলে ভর্তি করা হয়েছে। আটক করা হয়েছে রুবেল সর্দার নামের ওই আনসার সদস্যকে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, দুপুর ১২টার দিকে পাথরঘাটা গঙ্গাবাড়ি মাঠে খেলছিলো বেশ কয়েকজন শিশু। এসময় মাঠের নিরাপত্তায় থাকা আনসার সদস্যরা তাদের ধাওয়া করে। ধাওয়ার মুখে অন্য শিশু-কিশোররা পালিয়ে গেলেও মাটিতে পড়ে যায় আপন নামে এক শিশু। আনসার সদস্য রুবেল শিশু আপনকে ধরে তার পায়ুপথে হাতে থাকা লাঠি ঢুকিয়ে দেয়। পরে স্থানীয়রা এসে ওই শিশুকে উদ্ধার করে চট্টগ্রাম মেডিকলে নিয়ে যান। আনসার সদস্য রুবেল সরদারকে আটক করে পুলিশের হাতে তুলে দেয়া হয়।</p> <p>একজন আনসার সদস্য কর্তৃক শিশুর প্রতি এই ধরনের আচরণ মানবাধিকারের চরম লঙ্ঘন মর্মে প্রতীয়মান হয়। এ বিষয়ে তদন্তপূর্বক দোষী আনসার সদস্যের বিরুদ্ধে যথাযথ আইনী ব্যবস্থা গ্রহণ করে কমিশনকে আগামী ১৫/১২/২০২০ তারিখের মধ্যে অবহিত করার জন্য সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে বলা হোক।</p> <p>স্বাক্ষরিত/- নাছিমা বেগম, এনডিসি চেয়ারম্যান জাতীয় মানবাধিকার কমিশন</p>	

স্মারক নং: এনএইচআরসিবি/Suomoto/২৫/২০- ৫০৮

তারিখ: ১২/১১/২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্তঃ প্রকাশিত সংবাদের অনুলিপি।

  
(মোহাম্মদ গাজী সালাউদ্দিন)  
উপ-পরিচালক  
ফোন:-০২-৫৫০১৩৭২৪